

বিশ্ববিদ্যালয় ও মেডিক্যাল কলেজ দ্রুত চালুর দাবি রাঙামাটির সব ছাত্রসংগঠন একযোগে রাজপথে

রাঙামাটি প্রতিনিধি ▶

প্রস্তাবিত মেডিক্যাল কলেজ এবং বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম দ্রুত শুরু করার দাবিতে একাত্ম হয়ে ছাত্ররাঙামাটির সব ছাত্র সংগঠন। রবিবার বিক্রেত সকালে রাঙামাটি ছাত্রলীগ, ছাত্রদল, ছাত্র ইউনিয়ন, ছাত্রলেনাসহ আরো বিভিন্ন আঞ্চলিক দলের ছাত্রসংগঠন এক হয়ে রাজপথে নামল।

সচেতন ছাত্রসমাজের বাণীতে রাঙামাটি পৌরসভা থেকে একটি মিছিল শুরু হয়ে শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনের রাজপথে সমাবেশ করে। রাঙামাটি ছাত্রদলের সভাপতি আবু সাদাত মো. সায়মের সভাপতিত্বে সমাবেশে বক্তব্য দেন জেলা ছাত্রলীগের সভাপতি শাহ এমরান রোকন, জেলা ছাত্র ইউনিয়নের সভাপতি সৈকত রজন চৌধুরী, জেলা যুবদলের সাধারণ সম্পাদক মো. ইদ্রিসান, জেলা ছাত্রলীগের উপ-দুলবিষয়ক সম্পাদক প্রকাশ চাকমা, জেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক জাহাঙ্গীর আলম তালুকদার, যুগ্ম সম্পাদক কামাল হোসেন, জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক সাইফুল আলম সাইদুল, শহর ছাত্রলীগের

সাধারণ সম্পাদক সাইফুল আলম রাশেদ, সদর থানা ছাত্রদলের সহসভাপতি তারেক আজিজ, জেলা ছাত্রদলের যুগ্ম সম্পাদক আবু সুফিয়ান রেজা, জেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক তারেক আজিজ, কলেজ ছাত্রলীগের সভাপতি সজল দাশ, কলেজ ছাত্র ইউনিয়নের সভাপতি অস্তিত্বিং কড়িয়া, কলেজ ছাত্রদলের সভাপতি ইনরান হোসেন প্রভৃতি।

জাত নেতা আল আমিন প্রমুখ। বক্তারা মেডিক্যাল কলেজের ভর্তি কার্যক্রম অনুমোদন করায় সরকারকে অভিনন্দন এবং বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম দ্রুত বাস্তবায়নের দাবি জানান। যেকোনো বাধা অতিক্রম করে এ অঞ্চলে মেডিক্যাল কলেজ ও বিশ্ববিদ্যালয় বাস্তবায়নের দাবি জানান বক্তারা। তারা বলেন, এ অঞ্চলের উন্নয়ন বারবার একটি আঞ্চলিক সংগঠনের কারণে পিছিয়ে পড়ছে। তারা এখানকার জনগণকে বুঝিয়ে হাতে অস্ত্র দিতে তুলে চায়। সে অস্ত্র দিয়ে তারা এ এলাকায় ফনতা ধরে রাখতে চায় বলে অভিযোগ করেন বক্তারা। সমাবেশ শেষে রাঙামাটি জেলা প্রশাসকের মাধ্যমে প্রধানমন্ত্রীর বরাবরে স্মারকশিপি পেশ করা হয়।